

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মনিটরিং-১ শাখা
monitoring-1@mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১৪২.১৮.০১১.১২- ১৯০

তারিখঃ- ১৩/১১/২০১৬

অফিস আদেশ

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন (বিএফডিসি), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই), বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) এবং বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমী (বিএমএফএ)-এর উন্নয়ন প্রকল্পের বিভিন্ন গ্রেডভুক্ত জনবল নিয়োগের জন্য কমিটি পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত নিম্নরূপভাবে পূর্ণগঠন করা হলো:

১০ম থেকে তদুর্ধ্ব গ্রেডভুক্ত পদের নিয়োগ কমিটি

০১।	সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	সভাপতি
০২।	সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	সদস্য
০৩।	যুগ্ম-প্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	সদস্য
০৪।	চেয়ারম্যান/মহাপরিচালক/অধ্যক্ষ, বিএফডিসি/বিএফআরআই/বিএলআরআই/বিএমএফএ	সদস্য
০৫।	সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ (প্রয়োজনে)	সদস্য
০৬।	পরিচালক (প্রশাসন)/সচিব/প্রশাসন সংশ্লিষ্ট একজন ৯ম ও তদুর্ধ্ব গ্রেড পদধারী বিএফডিসি/বিএফআরআই/বিএলআরআই/বিএমএফএ	সদস্য
০৭।	প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট প্রকল্প)	সদস্য-সচিব

১১ থেকে ২০নং গ্রেডভুক্ত পদের নিয়োগ কমিটি

০১।	প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট প্রকল্প)	সভাপতি
০২।	সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	সদস্য
০৩।	পরিকল্পনা অনুবিভাগের সংশ্লিষ্ট সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	সদস্য
০৪।	চেয়ারম্যান, বিএফডিসি/ মহাপরিচালক, বিএফআরআই/ মহাপরিচালক, বিএলআরআই/ অধ্যক্ষ, বিএমএফএ- কর্তৃক মনোনীত প্রশাসন সংশ্লিষ্ট ৯ম ও তদুর্ধ্ব গ্রেড পদধারী	সদস্য
০৫।	বিএফডিসি/বিএফআরআই/বিএলআরআই/বিএমএফএ-কর্তৃক মনোনীত বাস্তবায়ন শাখার ৯ম ও তদুর্ধ্ব গ্রেড পদধারী	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধি (TOR)

- (ক) প্রকল্প দলিলের সংস্থান অনুযায়ী জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণ;
(খ) নিয়োগের নিমিত্ত প্রার্থীর আবেদনপত্র যাচাই/বাছাই, নিয়োগ পদ্ধতি নির্ধারণ, পরীক্ষা গ্রহণ ও মূল্যায়ন;
(গ) জনবল চূড়ান্ত নিয়োগের জন্য সুপারিশকরণ।

০২। অত্র মন্ত্রণালয় কর্তৃক ইতোপূর্বে জারীকৃত এতদসংক্রান্ত অফিস আদেশ স্মারক নং- মপ্রাম/প্রাসঃপরি-২/Bufelo/০৮/২০১৬ (ভলিউম-৩)/৩১; তারিখঃ০৮/০২/২০১১; বাতিল বলে গণ্য হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(মোহাম্মদ-আল-মারুফ)
সহকারী প্রধান
ফোন-৯৫৭৭৩৩৯

নং-৩৩.০০.০০০০.১৪২.১৮.০১১.১২-১৯০

তারিখঃ- ১৩/১১/২০১৬

অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন/বাজেট/মৎস্য), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৪-২৫ দিলকুশা বা/এ, মতিঝিল, ঢাকা।
- ৩। যুগ্ম-সচিব (সকল)/যুগ্ম-প্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ/বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ৬। অধ্যক্ষ, বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম।
- ৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। সিনিয়র সহকারী সচিব (মৎস্য-৪), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ১০। সিনিয়র সহকারী প্রধান (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। সহকারী প্রধান (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোহাম্মদ-আল-মারুফ)
সহকারী প্রধান
ফোন-৯৫৭৭৩৩৯